**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 30-01-2026** **Desk in Charge: KL**
**Time : 1-30 PM** **Compiling : Indranil M. & Ranjana**
**DEO : KB** **NRT : Chandrachur S.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ অসমের ডিব্রুগড়ে, দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স সহ একগুচ্ছ উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

# অসম সফর শেষে আজ তিনি দলীয় কর্মসূচীতে যোগ দিতে পশ্চিমবঙ্গে আসছেন।

২/ জাতির জনক মহাত্মা গান্ধীর প্রয়াণ দিবস দেশজুড়ে আজ শহীদ দিবস হিসেবে পালন করা হচ্ছে।

৩/ ছত্তিশগড়ের সুকমায় চার মাওবাদী আজ আত্মসমর্পণ করেছে।

৪/ বিশ্বের উদ্ভাবন সূচকে ভারত ২০১৯ এর ৬৬-তম স্থান থেকে ২০২৫-এ ৩৮-তম স্থানে উঠে এসেছে।

৫/ ভারত-আরব লিগভুক্ত দেশগুলির বিদেশ মন্ত্রীদের দ্বিতীয় বৈঠক, আগামীকাল নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে।

৬) রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনীয় গুতেরেস বলেছেন, নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পদে এশীয় অঞ্চলের প্রতিনিধিত্ব কম। এক্ষেত্রে ভারসাম্য আনা জরুরী।

*************************************************************************

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ আসামের ডিব্রুগড়ে দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স সহ এক হাজার ৭১৫ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে এই প্রকল্পগুলির উন্মোচন করেন তিনি। ডিব্রুগড়কে দ্বিতীয় প্রশাসনিক কেন্দ্র হিসেবে গড়ে তুলতে সরকারী প্রচেষ্টায় ২৮৪ কোটি টাকা ব্যয়ে দ্বিতীয় বিধানসভা কমপ্লেক্স এবং এমএলএ হোস্টেলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন শ্রী শাহ। এছাড়া ২৩৮ কোটি টাকা ব্যয়ে নির্মিত আধুনিক বহুমুখী ক্রীড়া কমপ্লেক্সের প্রথম পর্যায়ের উদ্বোধন এবং ২০৯ কোটি টাকা আনুমানিক ব্যায়ে দ্বিতীয় পর্যায়ের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন শ্রী শাহ। ( বাইট- অমিত শাহ )

ডিব্রুগড়ে বন্যপ্রাণীদের চিকিৎসার জন্য ২৯২ কোটি টাকার বন্যপ্রাণী স্বাস্থ্য ও গবেষণা কেন্দ্র এবং প্রশিক্ষণ ইউনিটের পাশাপাশি উন্নত পরীক্ষাকেন্দ্র এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন স্বরাষ্ট্রমন্ত্রী। এছাড়া অসমের নয়টি জেলা জুড়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে নির্বাচিত ১৫টি জলাভূমি পুনরুদ্ধার ও পুনরুজ্জীবিত করা, বন্যার ঝুকি কমাতে জল ধারণ ক্ষমতা বৃদ্ধি করা সহ ব্রহ্মপুত্র নদ অববাহিকার সামগ্রিক বন্যা ব্যবস্থাপনায় সহায়তা করতে জাতীয় দুর্যোগ প্রশমন তহবিলের আওতায় একটি ৬৯২ কোটি টাকার প্রকল্পেরও সূচনা করেন শ্রী শাহ।

************************

বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, আজ রাতে তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছাবেন। নিউটাউনে একটি বেসরকারি হোটেলে তিনি রাতে থাকবেন। আগামীকাল ব্যারাকপুরে দলীয় কর্মসূচিতে অংশ নেবেন শ্রী শাহ । এরপর শিলিগুড়িতে একটি কর্মীসভায় অংশ নেবেন তিনি। সভায় কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, শিলিগুড়ি সাংগঠনিক জেলায় বিপুল সংখ্যক দলীয় কর্মী উপস্থিত থাকবেন বলে মনে করা হচ্ছে।

************************

নতুন দিল্লির উপরাষ্ট্রপতির এনক্লেভে ভারতরত্ন সি. সুব্রামানিয়ামের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন উপরাষ্ট্রপতি সি. পি রাধাকৃষ্ণণ। সমাজ মাধ্যমের এক পোস্টে উপরাষ্ট্রপতি বলেন, সি. সুব্রামানিয়াম দেশের সবুজ বিপ্লবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন এবং তাঁর দূরদর্শী নেতৃত্ব এবং নীতিগুলি দেশের কৃষিক্ষেত্রকে বদলে দিয়েছিল, দেশের খাদ্য সুরক্ষা নিশ্চিত করেছিল এবং লক্ষ লক্ষ কৃষকের জীবিকাকে শক্তিশালী করেছিল। জাতীয় উন্নয়নে সুব্রামানিয়ামের স্থায়ী অবদান প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করবে বলেও মত ব্যক্ত করেন শ্রী রাধাকৃষ্ণণ।

************************

জাতীয় মহিলা কমিশন- NCW উত্তরপ্রদেশের আগ্রায় এক মহিলা হত্যার ঘটনায় স্বতঃপ্রণোদিতভাবে তদন্ত শুরু করেছে। এই হত্যাকাণ্ডকে বর্বর, নিন্দনীয় ব্যাখ্যা দেওয়ার পাশাপাশি উত্তর প্রদেশ পুলিশের মহানির্দেশককে একটি চিঠিও দিয়েছে কমিশন। চিঠিতে ডিজিপিকে কড়া হাতে ও নির্দিষ্ট সময়ের মধ্যে তদন্ত করে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে এবং ভুক্তভোগীর পরিবারকে উপযুক্ত সহায়তা প্রদান করতে বলা হয়েছে। পাশাপাশি ঘটনায় পুলিশের তরফে কি পদক্ষেপ নেওয়া হয়েছে তা পাঁচ দিনের মধ্যে রিপোর্ট আকারে কমিশনকে দেওয়ার কথাও বলা হয়েছে।

************************

ছত্তিশগড়ের সুকমায় চার মাওবাদী আজ আত্মসমর্পন করেছে। তাদের মধ্যে ২ জন মহিলা সদস্য। ওই মাওদাবীদের ধরিয়ে দিতে পারলে ৮ লক্ষ টাকা পুরষ্কার ঘোষণা করা হয়েছিল। বস্তার পুলিশের মহা নির্দেশক সুন্দররাজ পি-এর উপস্থিতিতে সুকমা জেলার সদর দফতরে তারা অস্ত্র সমর্পন করে। উপস্থিত ছিলেন সুকমার এস পি কিরণ চৌহান ও পুলিশের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা। ওই মাওবাদীরা একটি এস এল আর সহ চারটি রাইফেল পুলিশকে হস্তান্ত করেছে।

************************

জম্মু ও কাশ্মীরের কিশতওয়ার জেলার তুষারে ঢাকা চাত্রু অঞ্চলে নিরাপত্তা বাহিনী আজ জইশ-ই-মোহাম্মদের লুকিয়ে থাকা তিন সন্ত্রাসবাদীকে খুঁজে বের করতে অভিযান জোরদার করেছে। সিংহপোরা, চিনগাম ও চাত্রু এলাকায় মোবাইল ইন্টারনেট পরিষেবা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। ১৮ জানুয়ারি শুরু হওয়া এই অভিযানে সোন্নার অরণ্যে তীব্র সংঘর্ষে এক প্যারাট্রুপার শহীদ এবং সাত সেনা আহত হন। এরপর সেনাবাহিনির সঙ্গে একাধিক সংঘর্ষ হলেও সন্ত্রাসবাদীরা গভীর অরণ্যে পালিয়ে যায়। এদিকে, পুঞ্চ জেলার সুরানকোট অঞ্চলের পাজ্জা মোর, নবানা টপ সংলগ্ন এলাকায় দুজন সন্দেহভাজনের খোঁজে নতুন করে তল্লাশি অভিযান চলছে। সর্বশেষ খবর অনুযায়ী অভিযান অব্যাহত রয়েছে।

***********************

লোকসভায় কেন্দ্রীয় বাজেট পেশের দিন আগামী পয়লা ফেব্রুয়ারী, সকাল ১০ টা ১০ থেকে দুপুর একটা ১'টা পঞ্চাশ বা বাজেট পেশ শেষ না হওয়া পর্যন্ত আকাশবাণীর গীতাঞ্জলী এবং FM গোল্ড চ্যানেলে সরাসরি এর সম্প্রচার করা হবে। এর ফলে বাংলা সংবাদ সম্প্রচারে কিছু পরিবর্তন করা হচ্ছে।

সকাল ১০ টা ১০-এর খবর আগের মতোই সঞ্চয়িতা-য় শোনা যাবে। ১২'টা ৩০-এর গ্রামীণ এবং ১২'টা ৫০-এর বাংলা সংবাদ শোনা যাবে, FM রেনবো চ্যানেলে।

বাজেট পেশ সম্প্রচারের পর গীতাঞ্জলী-তে শোনা যাবে, ১'টা ৩০-এর জাতীয় সংবাদ ১'টা ৫০–এ এবং ১'টা ৪০-এর আঞ্চলিক সংবাদ দুপুর ২'টোয়।

বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮'টা ১০-এর 'খেলার খবর', নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে।

ওই দিন বাজেট নিয়ে আলোচনা শুনবেন রাত ৮'টা ৩০ থেকে ৯'টা পর্যন্ত গীতাঞ্জলী ও FM রেনবো-তে।

***********************

বিশ্বের উদ্ভাবন-সূচকে ভারত ৩৮ নম্বর স্থানে উঠে এসেছে। গত কয়েক বছরে ভারতের উদ্ভাবন পরিমণ্ডলের স্থায়ী অগ্রগতি হয়েছে। ২০১৯ এ ভারতের স্থান ছিল

৬৬। অর্থনৈতিক সমীক্ষায় জানা গিয়েছে, উৎপাদন, গবেষণা, স্টার্ট আপ ও প্রযুক্তি ক্ষেত্রে সরকারের উদ্যোগ দেশকে উদ্ভাবনী কেন্দ্র হিসেবে এগিয়ে যেতে সাহায্য করছে।

************************

বিশ্বব্যাংকের সভাপতি অজয় বাঙ্গা বলেছেন ভারত দেখিয়ে দিয়েছে যে, এদেশে ব্যতিক্রমী বিকাশ সম্ভব। ভুবনেশ্বরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি আশা প্রকাশ করেন যে, ভারত অবশ্যই অর্থনৈতিক সমীক্ষার পূর্বাভাস অনুযায়ী বিকাশ হার অর্জন করবে। গত ১০ বছরে ভারতের পরিকাঠামো ক্ষেত্রে যে স্তরে বিনিয়োগ হয়েছে তা খুবই প্রশংসনীয় বলে শ্রী বাঙ্গা অভিমত ব্যক্ত করেন। বিশ্ব ব্যাংকের সভাপতি বলেন ভারতে জনসাধারণকে দক্ষ করে তোলা 2047 সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যে পৌঁছানোর ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ।

************************

ভারত-আরব লিগভুক্ত দেশগুলির বিদেশ মন্ত্রীদের দ্বিতীয় বৈঠক আগামীকাল নতুন দিল্লিতে অনুষ্ঠিত হবে। বৈঠকটি যৌথভাবে পরিচালনা করবে ভারত ও সংযুক্ত আরব আমিরশাহি । আরব লিগভুক্ত দেশগুলির বিদেশমন্ত্রী এবং আরব লিগের মহাসচিব এতে অংশ নেবেন। দশ বছর পর এবং এই প্রথমবার নতুন দিল্লিতে ভারত-আরব বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।  প্রথম বৈঠক হয়েছিল ২০১৬ সালে বাহরিনে, যেখানে অর্থনীতি, জ্বালানি, শিক্ষা, গণমাধ্যম ও সংস্কৃতি—এই পাঁচটি ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। এবার সেই সহযোগিতা আরও গভীর করার প্রত্যাশা রয়েছে। এদিকে, বৈঠকের আগে নতুন দিল্লিতে চতুর্থ ভারত-আরব সিনিয়র অফিসিয়ালস মিটিং চলছে। কাতার, লিবিয়া, সোমালিয়া, প্যালেস্তাইন, কোমোরোস ও সুদানের বিদেশ মন্ত্রীরা এবং আরব লিগের মহাসচিব ইতিমধ্যেই নতুন দিল্লিতে পৌঁছেছেন।

************************

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তনীয় গুতেরেস বলেছেন, নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য পদে এশীয় অঞ্চলে প্রতিনিধিত্ব কম। তিনি বলেন, এক্ষেত্রে ভারসাম্য আনা জরুরী। সাংবাদিকদের সঙ্গে আজ কথা বলার সময় তিনি নিরাপত্তা পরিষদের সংস্কারের ওপর

জোর দেন। তিনি বলেন, নিরাপত্তা পরিষদে স্থায়ী সদস্য পদের দাবিদার দেশগুলি এই সংস্কারের পক্ষে। সংস্কার প্রক্রিয়ায় যারা বাধা দিচ্ছে, আন্তনীয় গুতেরেস তাদের সমালোচনা করেন। ইতালির নেতৃত্বে ইউনাইটিং ফর কনশাসনেস নামে একটি গোষ্ঠী, যেখানে পাকিস্তানও রয়েছে, এক দশকেরও বেশি সময় ধরে এই সংস্কার আলোচনার প্রস্তাব গ্রহণের বিরোধিতা করে সংস্কার প্রক্রিয়াকে আটকে রেখেছে। রাষ্ট্রসংঘের মহা সচিব, স্থায়ী সদস্যদের ভেটো প্রয়োগের অধিকারের ওপর বিধি নিষেধ আরোপের ধারনার পক্ষেও সওয়াল করেন।

***********************

ইউরোপীয় ইউনিয়ন, দেশ জুড়ে বিক্ষোভ আন্দোলনে তেহরানের দমনমূলক ভূমিকার প্রেক্ষিতে ইরানের Islamic Revolutionary Guard Corps- IRGC কে সন্ত্রাসবাদী সংগঠন আখ্যা দিয়েছে। EU এর বিদেশ নীতির বিষয়ক প্রধান কাজা কালাস বলেছেন, এ বিষয়ে বিদেশ মন্ত্রীরা সর্বসম্মত সিদ্ধান্তে পৌঁছেছেন। তিনি বলেন কোনো শাসক গোষ্ঠী যদি তাদের নিজেদের হাজার হাজার মানুষকে হত্যা করে, তাহলে তা তাদের নিজেদের ধ্বংসের পথে নিয়ে যায়। কালাস বলেন, IRGC র এই কাজ, তাদের আল-কায়দা, হামাস, দায়েশের সঙ্গে একসারিতে এনে দাঁড় করাবে। ২৭টি দেশের সংগঠন EU, বিক্ষোভকারীদের ওপর দমন-পীড়নের কারণে রেভলিউশনারি গার্ডের শীর্ষ কমান্ডার সহ ১৫ জন ইরানী আধিকারিকের বিরুদ্ধে বিধি নিষেধ আরোপ করেছে। সরকারের এই দমনমূলক অভিযানে অন্তত ৬ হাজর ৩৭৩ জনের মৃত্যু হয়েছে বলে সূত্রের খবর।

এবিষয়ে ইরানের তাৎক্ষণিক প্রতিক্রিয়া না মিললেও সম্প্রতি তারা কড়া মনোভাব নেওয়ায় ইউরোপের সমালোচনা করেছে।

উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা আগেই IRGC-কে সন্ত্রাসবাদী সংগঠনের তকমা দিয়েছে।

***********************

জম্মু ও কাশ্মীরে আগামী পয়লা এবং ২ ফেব্রুয়ারি পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে উপত্যকার বেশ কিছু এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত এবং তুষারপাতের পূর্বাভাস দিয়েছে

ভারতীয় আবহাওয়া দফতর। জম্মু ও কাশ্মীরের উচ্চতর অঞ্চলে বৃষ্টিসহ মাঝারি তুষারপাতের সম্ভাবনা রয়েছে বলে তারা জানিয়েছে। পাশাপাশি আগামীকাল আবহাওয়া মূলত শুষ্ক থাকবে বলেও আশা করা হচ্ছে।

IMD-র তরফে ভ্রমণার্থীদের সতর্ক বার্তা সহ একটি পরামর্শ জারি করা হয়েছে। বিশেষ করে পাহাড়ি রুট এবং আন্তঃজেলা সড়ক ও জাতীয় সড়কের পরিস্থিতি সম্পর্কে ট্র্যাফিক কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শ দিতে নির্দেশ দেওয়া হয়েছে। এছারা তুষারপাতের সময় উচ্চ-উচ্চতা এলাকার বাসিন্দাসহ সকলকে তুষারপাত-প্রবণ অঞ্চলে না যাওয়ার জন্য সতর্ক করা হয়েছে।

*******************************************************************